২৭ অক্টোবর, ২০২৫

# ত্রয়োদশ জাতীয় নির্বাচনে চূড়ান্ত ভোটকেন্দ্রের সংখ্যা ৪২ হাজার ৭৬১: ইসি




সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সারা দেশের ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। কমিশনের হিসাব অনুযায়ী, এবারের নির্বাচনে মোট ভোটকেন্দ্রের সংখ্যা দাঁড়িয়েছে ৪২ হাজার ৭৬১টি।

সোমবার (২৭ অক্টোবর) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ। তিনি জানান, "আমরা আজ দেশের ৬৪টি জেলার ৩০০ সংসদীয় আসনে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করেছি। এর মধ্যে পুরুষ ভোটারদের জন্য ১ লাখ ১৫ হাজার ১৩৭টি এবং নারী ভোটারদের জন্য ১ লাখ ২৯ হাজার ৬০২টি ভোটকক্ষ নির্ধারণ করা হয়েছে—সব মিলিয়ে মোট ভোটকক্ষের সংখ্যা দাঁড়িয়েছে ২ লাখ ৪৪ হাজার ৬৪৯টি।"

তিনি আরও জানান, প্রাথমিকভাবে ১৪টি অস্থায়ী ভোটকেন্দ্র রাখা হয়েছে, যেখানে প্রায় ১২ হাজার ভোটকক্ষ থাকবে। প্রতিটি ভোটকক্ষে গড়ে তিন হাজার ভোটার ভোট দেবেন। "এই সংখ্যা আমরা 'ক্যাচমেন্ট এরিয়া' হিসেবে নির্ধারণ করেছি, প্রয়োজনে তা পরবর্তীতে সামঞ্জস্য করা হবে," যোগ করেন আখতার আহমেদ।

ইসির প্রাথমিক খসড়ায় ভোটকেন্দ্রের সংখ্যা ছিল ৪২ হাজার ৬১৮টি। গত দ্বাদশ সংসদ নির্বাচনে কেন্দ্র ছিল ৪২ হাজার ১৪৮টি। অর্থাৎ এবার কেন্দ্রের সংখ্যা কিছুটা বেড়েছে। তবে ভোটকক্ষের সংখ্যা কমে দাঁড়িয়েছে ২ লাখ ৪৪ হাজার ৪৬টিতে, যা আগের নির্বাচনে ছিল ২ লাখ ৬১ হাজার ৫৬৪টি।

নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটগ্রহণ প্রক্রিয়া নির্বিঘ্ন রাখতে এবার প্রতিটি কেন্দ্রের নিরাপত্তা ও ব্যবস্থাপনা আগের চেয়ে আরও জোরদার করা হবে।

LENS ASIA